



## বাংলাদেশ দূতাবাস ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

### বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন

ব্যাংকক, ২৬ মার্চ ২০২৩

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে আজ যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন করা হয়। সকালে অনুষ্ঠানের শুরুতে মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই দূতাবাস প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর মহান মুক্তিযুদ্ধে শাহাদতবরণকারী শহিদদের প্রতি সম্মান প্রদর্শন করে এক মিনিট নিরবতা পালন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য শহিদ সদস্য ও শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার শান্তি কামনা এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন দূতাবাসের কাউন্সেলর (শ্রম) জনাব মোঃ ফাহাদ পারভেজ বসুনিয়া। উক্ত অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী ও প্রবাসী বাংলাদেশি কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এরপর মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে দূতাবাসের (মিনিস্টার) রাজনৈতিক ও মিশন উপ-প্রধান মিজ মালেকা পারভীন, এনডিসি; মিনিস্টার (কনসুলার) জনাব হাসনাত আহমেদ; ইকনোমিক মিনিস্টার জনাব সৈয়দ রাশেদুল হোসেন এবং কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্ঝর অধিকারী। অনুষ্ঠানে দিবসটির উপর নির্মিত একটি ভিডিও চিত্র প্রদর্শন করা হয়।

আলোচনা পর্বে দূতাবাসের ইকনোমিক মিনিস্টার জনাব সৈয়দ রাশেদুল হোসেন বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, অর্থনৈতিকভাবে সমৃদ্ধির মাধ্যমেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়ন সম্ভব। রূপকল্প-২০৪১ বাস্তবায়নে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখপূর্বক তিনি সবাইকে একযোগে কাজ করার আহবান জানান।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। এরপর হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে দিবসটির মূল প্রতিপাদ্য 'স্বাধীনতার সোপানে স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়' এর আলোকে স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন, বাংলাদেশের প্রতিটি শহরকে স্মার্ট শহরে রূপান্তরের মাধ্যমেই স্মার্ট বাংলাদেশ নির্মাণ করা সম্ভব।

উল্লেখ্য, দিবসটি উপলক্ষ্যে দূতাবাসের উদ্যোগে প্রবাসী বাংলাদেশীদের জন্য সন্ধ্যায় স্থানীয় হোটেলে একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম। সংবর্ধনা অনুষ্ঠানে থাইল্যান্ডে বসবাসকারী দুই শতাধিক প্রবাসী বাংলাদেশি স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেন। আগামীকাল ২৭ মার্চ ২০২৩ স্থানীয় একটি হোটেলে কূটনৈতিক সংবর্ধনার আয়োজন করা হবে।

এছাড়া, বহুল প্রচারিত স্থানীয় একটি ইংরেজি দৈনিক (Bangkok Post) ও একটি থাই ভাষার দৈনিক (Naewna)-এ বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষ্যে ইংরেজি ও থাই ভাষায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হয়।

দিনব্যাপি অনুষ্ঠানদুটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

